গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১২৬/২০১৯-২০২০

ঢাকা ১৮ ডিসেম্বর বুধবার ২০১৯, ৩ পৌষ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। স্বাধীনতাবিরোধী চক্র দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করে সফল হবে না : : বিজয় দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী
২। বিজিবি দিবস আজ : কৃতিত্বপূর্ণ অবদানের জন্য প্রধানমন্ত্রীর পদক প্রদান
৩। আশ্রয়ণসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন
৪। সংসদ ভবনে বিদ্যুতের প্রিপেইড মিটার বসাতে হবে : একনেকে প্রধানমন্ত্রী
৫। রাজাকারের তালিকায় ভুল : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রীর দুঃখ প্রকাশ
৬। নিবিড়ভাবে যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ তালিকা তৈরি করতে
মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর আহ্বান
৭। রাজাকারের তালিকায় ভুল কীভাবে হল অনুসন্ধান করা হবে : তথ্যমন্ত্রী
৮। মুজিববর্ষে জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
৯। দেশে গত অর্থবছর শেষে দারিদ্র্যের হার কমেছে ১ দশমিক ৩ শতাংশ : পরিকল্পনামন্ত্রী
১০। সচিবালয়ের চারপাশে হর্ন বাজালেই জরিমানা :
আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করলেন পরিবেশমন্ত্রী
১১। মুক্তিযুদ্ধের চেতনায় শিশুদের উজ্জীবিত হতে হবে : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী
১২। প্রকৌশলীদের চতুর্থ শিল্প বিপ্লবে নেতৃত্ব দেয়ার মতো করে গড়ে তুলতে হবে : টেলিযোগাযোগমন্ত্রী
১৩। একজন নারী কর্মীও সৌদি আরব থেকে লাঞ্ছিত হয়ে ফিরবেন না :প্রবাসী কল্যাণমন্ত্রী
১৪। আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ
১৫। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান চায় আসেম :
পররাষ্ট্রমন্ত্রীদের সভায় বাংলাদেশ দলের নেতৃত্বে দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৬। পরিবেশ দূষণকারীদের বিরুদ্ধে ২০ ডিসেম্বর থেকে অভিযান : ডিএনসিসি মেয়র
১৭। পদ্মাসেতুর ১৯তম স্প্যান বসছে আজ
১৮। প্রধানমন্ত্রীর সামরিক সচিব মিয়া জয়নুল আবেদীনের ইন্তেকাল :
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

চলমান পাতা-২

১। **স্বাধীনতাবিরোধী চক্র দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করে সফল হবে না : বিজয় দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতাবিরোধী চক্র বাংলাদেশের বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র করে সফল হতে পারবে না। পাকিস্তান থেকে আমরা আলাদা হয়ে বাংলাদেশ স্বাধীন করেছি। অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিকভাবে, নীতি-আদর্শিকভাবে, যেভাবেই হোক পাকিস্তানের ওপরে আমরা থাকব। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে মহান বিজয় দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। **বিজিবি দিবস আজ : কৃতিত্বপূর্ণ অবদানের জন্য প্রধানমন্ত্রীর পদক প্রদান**

বর্ডার গার্ড বাংলাদেশ-এর 'বিজিবি দিবস-২০১৯' উদযাপন উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ দিবসের কর্মসূচি অনুযায়ী রাজধানীর পিলখানায় বিজিবি সদরদপ্তরের বীরউত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে আজ সকাল ১০টায় কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুচকাওয়াজ পরিদর্শন এবং অভিবাদন গ্রহণ করবেন। পরে প্রধানমন্ত্রী বিজিবিতে বীরত্বপূর্ণ ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বিজিবির কর্মকর্তা ও সদস্যদের পদক প্রদান করবেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৫), **বণিক বার্তা** (পৃ.১,ক.২)।

৩। **আশ্রয়ণসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) আশ্রয়ণ-৩ (১ম সংশোধিত) প্রকল্পসহ মোট ৯ প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ৩ হাজার ২২৬ কোটি ৭৫ লাখ টাকা। এর পুরোটাই বাংলাদেশ সরকার অর্থায়ন করবে। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগর এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান প্রকল্পের বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

৪। **সংসদ ভবনে বিদ্যুতের প্রিপেইড মিটার বসাতে হবে : একনেকে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদকেন্দ্রিক সব স্থাপনায় বিদ্যুতের প্রিপেইড মিটার বসানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিদ্যুতের সঠিক ব্যবহার এবং অপচয় রোধে এ নির্দেশনা দিয়েছেন তিনি। ন্যাম ভবনের সব ফ্ল্যাট এবং এমপি হোস্টেলসহ সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায়ও এ মিটার লাগানোর নির্দেশ দেন তিনি। পর্যায়ক্রমে সারাদেশে এ ধরনের মিটার বসানোর কথা বলেছেন প্রধানমন্ত্রী। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত একনেক বৈঠকে তিনি এসব নির্দেশনা দেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। **রাজাকারের তালিকায় ভুল : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রীর দুঃখ প্রকাশ**

স্বাধীনতাবিরোধীদের তালিকায় সরকারি গেজেটভুক্ত মুক্তিযোদ্ধার নাম আসায় দুঃখ প্রকাশ করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীতে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, ব্যাপকভাবে অভিযোগ পাওয়া গেলে ঐ তালিকা প্রত্যাহার করা হবে। তবে ঐ ভুলের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের দায় অস্বীকার করে তিনি বলেছেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া তালিকা হুবহু তারা প্রকাশ করেছেন, কোনো পরিবর্তন করা হয়নি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৬। **নিবিড়ভাবে যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ তালিকা তৈরি করতে**
**মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর আহ্বান**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, দালাল আইনে রাজাকারদের যে তালিকা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ছিল, তা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখানে অনেকের নামের পাশে নোট ছিল, কারও নামে মামলা ছিল, সে বিষয়গুলো যাচাই-বাছাই না করেই তালিকা প্রকাশ করা হয়েছে। ফলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া তথ্য অনুযায়ী তালিকা প্রকাশ হয়নি। এজন্যই রাজাকারের তালিকা প্রকাশে এমন অসঙ্গতি হয়েছে। এজন্য আরও নিবিড়ভাবে যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ তালিকা তৈরি করতে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে কৃষক লীগ আয়োজিত এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**৭। রাজাকারের তালিকায় ভুল কীভাবে হল অনুসন্ধান করা হবে : তথ্যমন্ত্রী**

রাজাকারের তালিকায় থাকা ভুল প্রসঙ্গে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, কিছু ভুল রয়েছে, যা মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী নিজেও বলেছেন, এবং ভুলগুলো অবশ্যই শুধরে নেয়ার সুযোগ আছে। তবে এ ভুলগুলো কেন কীভাবে হল, প্রশাসনের ভেতরে ঘাপটি মেরে থাকা কেউ করেছে কিনা তাহা অনুসন্ধান করে বের করা হবে। আওয়ামী লীগ সভাপতির ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) দলের প্রচার উপকমিটির সভার শুরুতে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ,২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৮। মুজিববর্ষে জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে উৎসবের পাশাপাশি জনগণের সেবা প্রাপ্তিও নিশ্চিত করতে হবে। মুজিববর্ষ পালনের লক্ষ্যে ‘পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর’ কর্মসূচি নেওয়া হয়েছে। ধুলামুক্ত পরিবেশ তৈরিতে সকলকে কাজ করতে হবে। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটির কর্মপরিকল্পনা ও কর্মসূচি বাস্তবায়ন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত সমন্বয় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

**৯। দেশে গত অর্থবছর শেষে দারিদ্র্যের হার কমেছে ১ দশমিক ৩ শতাংশ : পরিকল্পনামন্ত্রী**

দেশে ২০১৮-১৯ অর্থবছর শেষে দারিদ্র্যের হার কমেছে ১ দশমিক ৩ শতাংশ। ২০১৭-১৮ অর্থবছরে যেখানে দারিদ্র্যের হার ছিল ২১ দশমিক ৮ শতাংশ, তা এ বছর কমে হয়েছে ২০ দশমিক ৫ শতাংশ। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক সভা শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**১০। সচিবালয়ের চারপাশে হর্ন বাজালেই জরিমানা :**
**আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করলেন পরিবেশমন্ত্রী**

সচিবালয়ের চারপাশের সড়কে হর্ন বাজালেই জরিমানা। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) এ এলাকাকে 'হর্নমুক্ত এলাকা' ঘোষণা করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দিন। ফলে এ এলাকায় হর্ন বাজালেই বিধিমালা অনুযায়ী দোষীকে দণ্ডিত করা হবে। আর এটা কার্যকর হচ্ছে আজ বুধবার থেকে। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ের সামনে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করেন পরিবেশমন্ত্রী। এ সময় তিনি বলেন, সচিবালয়ের চারপাশ হর্নমুক্ত ঘোষণার মাধ্যমে ঢাকার একটি গুরুত্বপূর্ণ অংশ নীরব এলাকায় পরিণত হতে যাচ্ছে। উদ্বোধন অনুষ্ঠানের পর এক বর্ণাঢ্য শোভাযাত্রা সচিবালয়ের সামনের রাস্তা প্রদক্ষিণ শেষে প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়। র‍্যালির পর মন্ত্রী চলমান গাড়ির চালকদের হর্ন না বাজানোর অনুরোধ জানান। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.২,ক.৫)।

**১১। মুক্তিযুদ্ধের চেতনায় শিশুদের উজ্জীবিত হতে হবে : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, শিশুদের বড় হতে হবে এবং মেধা ও প্রতিভা দিয়ে দেশকে এগিয়ে নিতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে উজ্জীবিত হতে হবে। সোনার বাংলা গড়তে হলে পড়াশোনা করতে হবে। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষে শিশু-কিশোরদের মুক্তিযুদ্ধবিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১২। প্রকৌশলীদের চতুর্থ শিল্প বিপ্লবে নেতৃত্ব দেয়ার মতো করে গড়ে তুলতে হবে : টেলিযোগাযোগ মন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তফা জব্বার বলেন, আইইবি একাত্তর বছরে দেশে অনেক উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করেছে। এমন কোনো ক্ষেত্র নেই যেখানে প্রেকৌশলীদের হাতে ছোঁয়া নেই। সর্বক্ষেত্রে প্রকৌশলীদের ভূমিকা রয়েছে। আমাদের দেশের প্রকৌশলীদের দক্ষ করে গড়ে তুলতে হবে। ভবিষ্যৎ প্রেকৌশলীদের চতুর্থ শিল্প বিপ্লবের নেতৃত্ব দেয়ার মতো করে গড়ে তুলতে হবে। তা না হলে আমরা পিছিয়ে যাব। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) আইইবি’র কাউন্সিল হলে প্রতিষ্ঠানটির ডাইনামিক ওয়েবসাইট এবং অ্যাপ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ,৪,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১৩। একজন নারী কর্মীও সৌদি আরব থেকে লাঞ্ছিত হয়ে ফিরবেন না : প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ বলেছেন, একজন নারী কর্মীও আর হয়রানি, বঞ্চনা ও লাঞ্ছনার শিকার হয়ে ফিরবেন না। সৌদি কর্তৃপক্ষের সঙ্গে গত নভেম্বরের বৈঠকে শক্তভাবে অনেক বিষয় তুলে ধরা হয়েছে। অভিযোগ পাওয়া গেলে ঐ দেশের রিক্রুটিং এজেন্সিকে কালো তালিকাভুক্ত করা হবে। ঐ এজেন্সিকে আর কর্মী পাঠাতে দেওয়া হবে না। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষে রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ভবনে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১৪। আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ**

আজ আন্তর্জাতিক অভিবাসী দিবস। এবারের অভিবাসী দিবসের স্লোগান হচ্ছে 'সামাজিক মেলবন্ধনের জন্য অভিবাসন'। দিবসটি উদযাপনে বাংলাদেশে এবারের প্রতিপাদ্য 'দক্ষ হয়ে বিদেশ গেলে, অর্থ ও সম্মান দুই-ইমেলে'। দিবসটি উপলক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রতি বছরের ন্যায় এবারও ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১৫। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান চায় আসেম :**
**পররাষ্ট্রমন্ত্রীদের সভায় বাংলাদেশ দলের নেতৃত্বে দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

রোহিঙ্গা সমস্যার টেকসই সমাধান ও তাদের রাখাইনে নিরাপদে মর্যাদাপূর্ণ ও স্বেচ্ছায় প্রত্যাবাসনের অনুকূল পরিস্থিতি সৃষ্টির আহ্বান জানিয়েছেন এশিয়া-ইউরোপ মিটিংয়ের আসেম সদস্য রাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রীরা। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, তাঁরা এ বিষয়ে জবাবদিহিতা নিশ্চিত করার ব্যাপারেও জোর দিয়েছেন। স্পেনের মাদ্রিদে গত ১৬ ডিসেম্বর সোমবার অনুষ্ঠিত আসেমের ১৪তম পররাষ্ট্র মন্ত্রীদের সভায় বাংলাদেশ দলের নেতৃত্বে দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম। রোহিঙ্গাদের তাদের নিজ দেশ মিয়ানমারে স্বেচ্ছায়, নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসইভাবে ফিরিয়ে দেওয়ার বিয়ষটি নিশ্চিতের জন্য বিশ্বব্যাপী সম্মিলিত পদক্ষেপের প্রয়োজনীয়তার ওপর জোর দেয় বাংলাদেশ। বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী রাষ্ট্রীয় নির্যাতনের শিকার, নিজ দেশ থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার ক্ষেত্রে বাংলাদেশের নেওয়া মানবিক অবস্থানের বিষয়টি তুলে ধরেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ,১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১৬। পরিবেশ দূষণকারীদের বিরুদ্ধে ২০ ডিসেম্বর থেকে অভিযান : ডিএনসিসি মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম বলেছেন, যারা সড়কে ইট, বালু, পাথর ও সিমেন্ট রেখে পরিবেশ দূষণ করছেন তাদের বিরুদ্ধে ২০ ডিসেম্বর থেকে অভিযান শুরু হবে। এখন থেকে পরিবেশ দূষণকারীদের জরিমানা করা হবে। গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে ঢাকা ইউটিলিটি রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের আয়োজনে 'অনিয়ন্ত্রিত দূষণে ঢাকা : নাগরিক ভাবনা' শীর্ষক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.৩)।

**১৭। পদ্মাসেতুর ১৯তম স্প্যান বসছে আজ**

পদ্মাসেতুর ১৯তম স্প্যান বসছে আজ ১৮ ডিসেম্বর বুধবার। জাজিরা প্রান্তে ২১ ও ২২ নম্বর খুঁটিতে (পিয়ার) ৪-সি নম্বর স্প্যান বসানোর সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। স্প্যানটি বসানোর পর সেতুর মোট ২৮৫০ মিটার দৃশ্যমান হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **আমাদের অর্থনীতি** ( শেষ পৃ,ক.২)।

**১৮। প্রধানমন্ত্রীর সামরিক সচিব মিয়া জয়নুল আবেদীনের ইন্তেকাল :**
**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন সিঙ্গাপুরে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল (১৭ ডিসেম্বর মঙ্গলবার) ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ, ইনকিলাব :** অবিলম্বে রাজাকারের তালিকা সংশোধন করে সব বিভ্রান্তি দূর করার আহ্বান।

খ. **সমকাল :** নতুন বছরের প্রথম দিন সারাদেশের স্কুলগুলোতে বিনামূল্যে নতুন পাঠ্যবই বিতরণ উৎসব নির্বিঘ্ন হওয়ার প্রত্যাশা।

গ. **সংবাদ :** দেশের বিভিন্ন জেলা-উপজেলায় প্রভাবশালীদের বাধায় নদী খনন কাজ ব্যাহত হওয়ায় তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ডেইলি সান, নিউজ টুডে :** 'ড্যান্ডি' নেশায় মত্ত ভাসমান শিশুরা স্বাস্থ্যঝুঁকির মুখে পড়ায় পথ শিশুদের কল্যাণে সরকারি-বেসরকারি পর্যায়ে আরো উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** প্রবাসী বাংলাদেশিদের লাশ দ্রুত দেশে আনতে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** টাঙ্গাইলে পেনশনের অর্থ তুলতে পেনশনভোগীদের দুর্ভোগ তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ধরনের দুর্ভোগ লাঘবে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ছ. **নিউ নেশন :** চট্টগ্রামের ৮৮ হাসপাতাল ও ১৮২ ডায়াগনোস্টিক সেন্টারের মেডিকেল বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনা করার আহ্বান।

জ. **ফিনানসিয়াল এক্সপ্রেস :** বায়ু দূষণের মূল কারণ ইটভাটা হওয়ায় দেশের ইটভাটাগুলোকে আধুনিক ও ইকো-ফ্রেন্ডলিতে রূপান্তর করার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের সুপ্রিমকোর্ট জাতির পিতার হত্যাকাণ্ড, জেলহত্যাসহ অনেক গুরুতর মামলার রায় প্রদানের মাধ্যমে বিচারহীনতার সংস্কৃতি থেকে জাতিকে মুক্ত করেছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'স্বর্গের শিশু ও তাদের নিরাপত্তা'** শিরোনামে নিবন্ধে উল্লেখ করা হয়েছে, অটিজম বা বিশেষ বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের জন্য তাদের চারপাশ যেন মায়ের কোল ও বাবার ছায়ার মতো নিরাপদ হয়, তা নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা